ফরজে আইন শিক্ষার্থীদের জন্য

এসো অর্থ বুঝে নামাজ পড়ি

নামাজে মনোযোগ সৃষ্টি করি

সার্বিক দিকনির্দেশনায়
আল্লামা মুফতী মাসউদুল করীম দা. বা.
প্রিন্সিপাল ও শায়খুল হাদীস
টঙ্গী দারুল উলুম মাদরাসা, টঙ্গী
মহাপরিচালক
উম্মুক্ত ইসলামী শিক্ষালয় ফাউন্ডেশন

সংকলনে
মুহাম্মদ আব্দুল কারীম

০১৯৬১ ৮৪ ৮১ ৯০

নও মুসলিম ভাইদের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য

প্রকাশনায়
উম্মুক্ত ইসলামী শিক্ষালয় ফাউন্ডেশন

আল্লামা মুফতী মাসউদুল করীম দা. বা.-এর

দোআ ও বাণী

نحمده ونصلی علی رسوله الکریم أما بعد!

আলহামদুলিল্লাহ আমার স্নেহের ছাত্র তরুণ আলেমেদ্বীন মাওলানা মুহাম্মদ আব্দুল কারীম সংকলিত **“এসো অর্থ বুঝে নামাজ পড়ি”** শীর্ষক বইটির কিছু অংশ পড়ে দেখার সুযোগ হলো। সহজ ও চমৎকার উপস্থাপন। আশাকরি বইটি সাধারণ শিক্ষিত সকল ধর্মপ্রাণ মুসল্লিদেরকে অর্থ বুঝে নামাজ আদায়ে অনুপ্রাণিত করবে এবং নামাজে মনোযোগ ও আত্মিক প্রশান্তি আনয়নে বিশেষ ভূমিকা রাখবে।

সংকলক মাওলানা খুবই উদ্যোমী ও প্রতিভাবান। তিনি আরো কিছু লেখালেখিতে হাত দিয়েছেন। দুআ করি মহান আল্লাহ তাআলা মাওলানার খেদমতসমূহ কবুল করুন। আমীন

মাসউদুল করীম
প্রিন্সিপাল ও শায়খুল হাদীস
টঙ্গী দারুল উলুম মাদরাসা, টঙ্গী
তারিখ : ২১-৩-২০২০ইং

সূচীপত্র

প্রথম পর্ব

নামাজের ফাযায়েল ও মাসায়েল

❖ নামাজের গুরুত্ব ও ফযিলত
❖ নামাজে আল্লাহ ও বান্দার মধ্যে কথোপকথন
❖ নামাজে মনোযোগ সৃষ্টির সহজ উপায়
❖ নামাজ বিশুদ্ধ করার উপায়
❖ অযুর ফরজ
❖ অযু করার সুন্নাত তরিকা
❖ গোসলের ফরজ
❖ তায়াম্মুমের ফরজ
❖ অযু ভঙ্গের কারণ
❖ সুন্নাত তরিকায় নামাজ
❖ নামাজের ফরজ
❖ নামাজের ওয়াজিব
❖ নামাজের সুন্নাত
❖ নামাজ ভঙ্গের কারণ
❖ দুই রাকাত নামাজের ৬০টি মাসআলা

ফযিলতপূর্ণ কিছু নামাজ

❖ তাহাজ্জুদ নামাজের ফজিলত
❖ সালাতুত তাসবীহ নামাজের ফজিলত
❖ ইশরাক নামাজের ফজিলত
❖ চাশতের নামাজের ফজিলত
❖ আওয়াবীন নামাজের ফজিলত
❖ সালাতুল হাজত নামাজের ফজিলত
❖ ইস্তিখারার নামাজ
❖ হাদীসে বর্ণিত জুমআর দিনের গুরুত্বপূর্ণ আমলসমূহ
❖ জুমআর নামাজের ফযীলত
❖ ঈদের নামাজ
❖ জানাযার নামাজ

দ্বিতীয় পর্ব

পাঁচ ওয়াক্ত নামাজের তাসবীহসমূহের অর্থ

❖ কালিমায়ে তাইয়্যেবাহ

❖ কালিমায়ে শাহাদাত
❖ ঈমানে মুজমাল
❖ ঈমানে মুফাসসাল
❖ আযান
❖ মসজিদে প্রবেশের দোয়া ও সুন্নাতসমূহ
❖ মসজিদ থেকে বের হওয়ার দোয়া ও সুন্নাতসমূহ
❖ তাকবীর
❖ সানা
❖ তা'আউয
❖ তাসমিয়া
❖ রুকুর তাসবীহ
❖ রুকুর তাহমীদ
❖ রুকুর তাসমিয়া
❖ সিজদার তাসবীহ
❖ দুই সিজদার মাঝে দোয়া
❖ তাশাহুদ
❖ দুরূদ শরীফ
❖ দোয়ায়ে মাসূরা
❖ দোয়ায়ে কুনুত

তৃতীয় পর্ব

নামাজে প্রয়োজনীয় সূরাসমূহের ফযিলত ও অর্থ

❖ পবিত্র কুরআন তিলাওয়াতের বিশেষ দুইটি আদব
❖ পবিত্র কুরআন তিলাওয়াতের বিশেষ তিনটি ফায়দা
❖ সূরা ফাতিহা
❖ সূরা ফীল
❖ সূরা কুরাইশ
❖ সূরা মাউন
❖ সূরা কাউসার
❖ সূরা কাফিরুন
❖ সূরা নাসর
❖ সূরা লাহাব
❖ সূরা ইখলাস
❖ সূরা ফালাক
❖ সূরা নাস
❖ সূরা আ'লাক

- সূরা ক্বদর
- সূরা আলাম নাশরাহ

আমলী সূরাসমূহ

- সূরা ইয়াসীন
- সূরা ওয়াকিয়াহ
- সূরা রহমান
- সূরা কাহাফ
- সূরা মুল্‌ক
- সূরা নাবা

চতুর্থ পর্ব

কুরআন হাদীস থেকে সংগৃহীত ফরজ নামাজের পর কতিপয় দোয়া ও জরুরী আমল

- দোয়া
- আয়াতুল কুরসী
- সূরা হাশর
- সাইয়্যেদুল ইস্তিগফার
- আমলী তাসবীহ
- ৩৩ আয়াত
- দুরূদে নারিয়া
- দুরূদে শিফা
- আয়াতে শিফা
- ২৪ ঘন্টার দোয়া
- খতমে আম্বিয়া
- খতমে আম্বিয়া পড়ার নিয়ম
- খতমে ইউনুস
- খতমে খাজেগান
- খতমে খাজেগান পড়ার নিয়ম
- অর্থসহ আল্লাহর ৯৯ নাম

প্রথম পর্ব

নামাজের ফাযায়েল ও মাসায়েল

নামাজের গুরত্ব ও ফজিলত

নামাজ ইসলামের পাঁচ স্তম্ভের অন্যতম মূল স্তম্ভ। বান্দার জন্য মহান আল্লাহ তায়ালার পক্ষ থেকে জান্নাত লাভের শ্রেষ্ঠ আমল। আকীদার ক্ষেত্রে যেমন মহান আল্লাহ তায়ালার সত্ত্বা ও গুনাবলীর উপর ঈমান আনয়ণ করা গোটা ইসলামের মূল। তেমনি আমলের ক্ষেত্রেও নামাজ গোটা দ্বীনের মূল। এজন্যই মহান আল্লাহ তায়ালা পবিত্র কুরআনে অন্য সকল ইবাদতের তুলনায় নামাজের গুরুত্ব সর্ম্পকে অধিক তাকিদ দিয়েছেন। ঈমান আনার পর সবচেয়ে গুরুত্বপূর্ণ আমল হলো পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করা। হাদীস শরীফে বর্ণিত আছে যে, হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা:) বলেন, এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করলেন– কোন আমল আল্লাহ তায়ালার নিকট সব চেয়ে বেশি প্রিয়? রাসূলে আরাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তরে বললেন "নামাজ"। (বুখারী শরীফ, হাদীস নং ৫৬ ও নাসায়ী শরীফ হাদীস নং ৬১১)
হযরত মোল্লা আলী কারী (রহ:) বলেন। মুহাদ্দীসগণের মতে এ হাদীস দ্বারা প্রমাণিত হয় যে ঈমানের পরে নামাজই সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ আমল।
উদাহরণ স্বরূপ আমরা চিন্তা করলে বুঝতে পারি যে, নামাজ ছাড়া অন্য সকল ইবাদত বিশেষ বিশেষ ব্যক্তির উপর বিশেষ শর্তে ও সময়ে ফরজ। যেমন কারো মালিকানাধীন নির্ধারিত পরিমাণ ধন সম্পদ পূর্ণ এক বছর অতিবাহিত হলে তার উপর নির্ধারিত হারে যাকাত আদায় করা ফরজ । তেমনি রোযা শুধু বছরে এক মাস ফরজ। আর হজ্জ শুধু ধনীদের উপর জীবনে একবার ফরজ ।
কিন্তু নামাজ এমন এক ইবাদত যার জন্য ঈমান ছাড়া আর কোন শর্ত নেই। ঈমান আনার সাথে সাথে প্রত্যেক বালেগ-আকেল পুরুষ ও নারীর উপর ফরজে আইন। সে ফকির বা ধনী, গোলাম বা মালিক, মুকিম বা

মুসাফির যাই হোক না কেন। একমাত্র মৃত ব্যক্তি ছাড়া প্রত্যেকের উপর ফরজ ।
এজন্যই মহান আল্লাহ তায়ালা পবিত্র কুরআনে এক দুই বার নয় বরং বহুবার বার নামাজের আদেশ দিয়েছেন। "তোমরা নামাজ কায়েম কর নিশ্চয় নামাজ অশ্লীল কাজ ও পাপ থেকে বিরত রাখে।" (সূরা আনকাবুত, আয়াত ৪৫)

মূল কথা

নামাজ এত গুরুত্বপূর্ণ ইবাদত যা ব্যতীত দুনিয়া ও আখেরাতের শান্তির বিন্দুমাত্র আশা করা যায় না।
এজন্যই নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইন্তেকালের পূর্ব মুহুর্ত পর্যন্ত 'সালাত' 'সালাত' উচ্চারণ করেছিলেন। তাই আসুন আমরা নামাজের ব্যাপারে আর অবহেলা না করে গুরুত্ব সহকারে পাঁচ ওয়াক্ত নামাজ জামাতের সাথে আদায় করি এবং জান্নাতের পথকে সুগম করি। আমীন।

নামাজে আল্লাহ ও বান্দার মধ্যে কথোপকথন

হাদীসের প্রসিদ্ধ কিতাব মিশকাত শরীফের ৭৬৬ নং হাদীসে হযরত আবু হুরায়রা রা. সূত্রে বর্ণিত আছে, রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, বান্দা যখন নামাজে সূরা ফাতিহার আয়াত–

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ

"সকল প্রশংসা বিশ্বপ্রতিপালক আল্লাহর জন্য।"

তেলাওয়াত করে তখন আল্লাহ তায়ালা জবাবে বলেন,

حَمِدَنِيْ عَبْدِيْ حَمِدَنِيْ عَبْدِيْ

"আমার বান্দা আমার প্রশংসা করেছে। আমার বান্দা আমার প্রশংসা করেছে।"
আর যখন বান্দা বলে,

الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আল্লাহ তায়ালা পরম দাতা, পরম দয়ালু।

তখন আল্লাহ তায়ালা প্রতিউত্তরে বলেন–

أَثْنَى عَلَيَّ عَبْدِيْ

আমার বান্দা আমার গুণ বর্ণনা করেছে।

যখন বান্দা বলে–

مٰلِكِ يَوْمِ الدِّيْنِ

আল্লাহ তায়ালা কিয়ামত দিবসের মালিক।

তখন আল্লাহ তায়ালা প্রতিউত্তরে বলেন–

مَجَّدَنِيْ عَبْدِيْ

আমার বান্দা আমার মর্যাদার কথা বর্ণনা করেছে।

এভাবে প্রতিটি আয়াতে আয়াতে আল্লাহ তায়ালা ও বান্দার মাঝে কথোপকথন চলতে থাকে।

সহীহ মুসলিম শরীফের ৮ নং হাদীসে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তুমি এমনভাবে আল্লাহ তায়ালার ইবাদত কর যেন তুমি তাকে দেখছ। যদি তুমি তাকে দেখতে না পাও তাহলে মনে কর তিনি তোমাকে দেখছেন।

সুতরাং গোলাম হিসেবে আমাদের দায়িত্ব হচ্ছে মালিকের প্রতিটি বিধান তথা নামাজ, রোজা ও অন্যান্য বিধানাবলী শতভাগ সঠিকভাবে আদায় করে মহান মালিক আল্লাহ তায়ালাকে রাজি খুশি করে জান্নাতের আশা করা। কিন্তু আফসোস! আজ আমরা নামাজে দাড়িয়ে মহান আল্লাহর সাথে কথা বলা তো দুরের কথা বরং নিজের নফসের সাথে যাবতীয় হিসাব কিতাব নিয়ে ব্যস্ত হয়ে পড়ি। অথচ হাদীসের ভাষ্যমতে নামাজ আল্লাহর এত বড় এক ইবাদত যার মাধ্যমে একজন সামান্য থেকে সামান্যতম নামাজী ব্যক্তি ইচ্ছা করলে অতি সহজেই আল্লাহ তায়ালার সাথে মহব্বতের যোগসূত্র কায়েম করতে পারে।

নামাজে মনোযোগ সৃষ্টির সহজ উপায়

সাধারণত তিনটি পন্থা অনুসরণ করার মাধ্যমে প্রত্যেক নামাজী তার নামাজে শতভাগ মনোযোগ ও খুশু খুজুর সাথে নামাজ আদায় করতে পারবে। ইন্‌শাআল্লাহ।

❖ প্রথমত : নামাজী ব্যক্তি নামাজে দাঁড়ানোর সময় যদি এই মনোভাব নিয়ে দাঁড়ায় যে, আমি মহান আল্লাহর সামনে দাঁড়িয়েছি। তার সন্তুষ্টির জন্য নামাজ পড়ছি। তিনি আমাকে দেখছেন। যেমন উল্লেখিত হাদিসে বলা হয়েছে। "তুমি এমন ভাবে ইবাদত কর যেন তুমি আল্লাহকে দেখছ। যদি তুমি তাকে না দেখ। তাহলে মনে করো তিনি তোমাকে দেখছেন।" (মুসলিম শরীফ : হাদীস নং ৮)

❖ দ্বিতীয়ত : দৃষ্টির হেফাজত। অর্থাৎ নামাজে দাড়ানোর সময় দৃষ্টিকে সেজদার স্থানে রাখা। রুকুতে যাওয়ার সময় দুই বৃদ্ধা আঙ্গুলীর মাঝামাঝি রাখা এবং রুকু থেকে দাড়ানোর সময় পুনরায় সেজদার স্থানে রাখা। উঠা, বসা, রুকু, সেজদা ও দাড়ানো সুন্নাত তরীকায় হচ্ছে কি না তার প্রতি ভাল ভাবে খেয়াল রেখে ধীরস্থিরতার সাথে নামাজ আদায় করা।

❖ তৃতীয়ত : নামাজে মনোযোগ সৃষ্টি করার সর্বোত্তম পদ্ধতি হলো, সম্ভব হলে অর্থের প্রতি খেয়াল রেখে নামাজ পড়া এবং নামাজের প্রতিটি তাসবীহ, তাকবীর, সূরা-কেরাত, তাশাহহুদ, দুরূদ ও দোয়া সমূহ বিশুদ্ধভাবে গভীর মনোযোগের সাথে পাঠ করা।

উপরোক্ত পন্থা সমূহ সর্বদা সামনে রেখে আমল করার মাধ্যমেই আমাদের সকলের পক্ষে শতভাগ মনোযোগ ও খুশুখুজুর সাথে নামাজ আদায় করা সম্ভব হবে। ইন্‌শা আল্লাহ।

নামাজ বিশুদ্ধ করার উপায়

নামাজ বিশুদ্ধ করার জন্য প্রথম শর্ত হচ্ছে অযু বিশুদ্ধ ভাবে সুন্নাত তরীকায় ধীরস্থিরতার সাথে করা। যার অযু যত সুন্দর হবে তার নামাজও তত সুন্দর হবে। যদি কারো অযু তাড়াহুড়ার দরুন সুন্নাতের খেলাফ হয়। তাহলে মনে রাখতে হবে নামাজে তার একাগ্রতা নষ্ট হবে।

তাই আসুন! আমরা নামাজের উদাসীনতা দূর করে মনোযোগ সৃষ্টি করতে সুন্নাত তরীক্বায় অযু শিখি ।

অযুর মাসায়েল

অযুর ফরজসমূহ

অযুতে ৪ ফরজ। যথা–

১. সমস্ত মুখ ধোয়া।
২. উভয় হাত কনুইসহ ধোয়া।
৩. মাথার চারভাগের একভাগ মাসাহ করা।
৪. উভয় পা টাখনুসহ ধোয়া।

অযু করার সুন্নাত তরীক্বা

১. পবিত্রতার নিয়ত করা।
২. বিসমিল্লাহ পড়া।
৩. উভয় হাত কব্জিসহ তিন বার ধোয়া।
৪. মিসওয়াক করা।
৫. তিন বার কুলি করা।
৬. তিন বার নাকে পানি দেয়া।
৭. সমস্ত মুখমণ্ডল তিন বার ধোয়া।
৮. ডান হাতের কনুইসহ তিন বার ধোয়া।
৯. বাম হাতের কনুইসহ তিন বার ধোয়া।
১০. উভয় হাতের আঙ্গুলী খিলাল করা।
১১. সমস্ত মাথা এক বার মাসাহ করা।
১২. কান মাসাহ করা, তবে গরদান মাসাহ করা মুস্তাহাব।
১৩. ডান পায়ের টাকনুসহ তিন বার ধোয়া।
১৪. বাম পায়ের টাকনুসহ তিন বার ধোয়া।
১৫. উভয় পায়ের আঙ্গুলী খিলাল করা।

বি. দ্র. হাদীস শরীফে বর্ণিত আছে যে ব্যক্তি অযুর শুরুতে এ দোয়া পাঠ করবে–

بِسْمِ اللهِ وَالْحَمْدُ لِلّٰهِ وَلَا اِلٰهَ اِلَّا اللهُ وَاللهُ اَكْبَرُ

তাহলে অযু ভঙ্গ হওয়া পর্যন্ত ফেরেশতারা তার জন্য মাগফিরাতের দোয়া করতে থাকে ।

আর অযুর শেষে কালিমায়ে শাহাদাত পাঠ করলে তার জন্য জান্নাতের ৮ টি দরজা উন্মুক্ত করে দেওয়া হয় । (সুবহানাল্লাহ)

গোসলে ৩ ফরজ

১. গড়গড়াসহ কুলি করা। (তবে রোজা অবস্থায় গড়গড়া করিবে না।)
২. নাকে পানি দেয়া।
৩. সমস্ত শরীর ধৌত করা।

গোসলের সুন্নাত তরিক্বা

গোসল করার সময় প্রথমে ইস্তিঞ্জা করে নিবে, অতঃপর পবিত্রতা অর্জনের নিয়তে উভয় হাত ধুয়ে নিয়ে শরীর ও কাপড় থেকে নাপাকী দূর করবে। তারপর হাত ভাল করে পরিষ্কার করে নিবে। অতঃপর নামাজের অযুর মত অযু করে নিবে। অযুর সময় ভালভাবে গড়গড়া করবে এবং নাকের নরম জায়গা পর্যন্ত পানি পৌছাবে। অযুর শেষে মাথায় পানি ঢালবে। অতঃপর ডান কাঁধে ও বাম কাঁধে পানি ঢালবে। এভাবে তিনবার সম্পূর্ণ শরীর ভালভাবে ঘষে গোসল শেষ করবে।

নারী পুরুষ উভয়ের গোসলের নিয়ম একই। তবে মেয়েলোকের খোপা বাঁধা থাকলে চুলের গোড়ায় পানি পৌঁছলে তা খোলা জরুরী নয়। কিন্তু পুরুষের চুল সম্পুর্ণ খোলা রাখতে হবে। উপরন্তু মেয়েদের নাক ও কানের অলংকার পড়ার ছিদ্রে যাতে পানি পৌঁছে তা লক্ষ্য রাখতে হবে।

গোসলের পর নতুন করে অযু করার প্রয়োজন নেই। [প্রমাণ : ফাতওয়ায়ে দারুল উলূম, ১ : ১৪৬ # শামী ১ : ১১৯]

তায়াম্মুমে ৩ ফরজ

১. পবিত্রতার নিয়ত করা।

২. সমস্ত মুখ একবার মাসাহ করা।

৩. দুই হাতের কনুইসহ একবার মাসাহ করা।

অজু ভঙ্গের কারণ ৭টি

১. পায়খানা বা পেশাবের রাস্তা দিয়ে কোন কিছু বের হওয়া।

২. মুখ ভরে বমি করা।

৩. শরীরের ক্ষতস্থান হতে রক্ত, পুঁজ বা পানি বের হয়ে গড়িয়ে পড়া।

৪. থুথুর সাথে রক্তের ভাগ সমান বা বেশি হওয়া।

৫. চিৎ বা কাঁৎ হয়ে হেলান দিয়ে ঘুম যাওয়া।

৬. পাগল, মাতাল বা অচেতন হওয়া।

৭. নামাজে উচ্চস্বরে হাসা।

সুন্নাত তরিকায় নামাজ

সুন্নাত তরীকায় সঠিক পদ্ধতিতে নামাজ আদায় বলতে আমরা যা বুঝি তা হচ্ছে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আদায়কৃত নামাজ। যা তিনি সাহাবায়ে কেরাম কে হাতে কলমে শিক্ষা দিয়ে ঘোষণা করেছেন, তোমরা নামাজ আদায় কর যে ভাবে আমাকে নামাজ আদায় করতে দেখ। তাই আসুন নামাজের সকল ফরজ ও সুন্নাত পরিপূর্ণ পাবন্দীর সাথে রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মত সুন্নাত তরীকায় নামাজ আদায় করি ।

নামাজের মাসায়েল

নামাজের ফরজ সমূহ

নামাজে ১৩ ফরজ

১. শরীর পাক।
২. কাপড় পাক।
৩. নামাজের জায়গা পাক।
৪. ছতর ঢাকা।
৫. কিবলামুখী হওয়া।
৬. ওয়াক্ত মতো নামাজ আদায় করা।
৭. নামাজের নিয়ত করা।
৮. তাকবীরে তাহ্‌রীমা (اَللّٰهُ اَكْبَرُ) বলা।
৯. দাড়িয়ে নামাজ পড়া।
১০. কেরাত পড়া।
১১. রুকু করা।
১২. দুই সিজদা করা।
১৩. আখেরি বৈঠক।

[**বি:দ্রঃ** নামাজের মধ্যে উপরোক্ত কোন একটি ফরজ ইচ্ছায় বা অনিচ্ছায় ছুটে গেলে পূনরায় নামাজ আদায় করতে হবে।]

নামাজের ওয়াজিব সমূহ

১. তাকবীরে তাহ্‌রীমা (اَللّٰهُ اَكْبَرُ) বলা।
২. সূরা ফাতিহা পাঠ করা।
৩. সূরা ফাতিহার সঙ্গে সূরা মিলানো।
৪. কেরাত আস্তের জায়গায় আস্তে পড়া এবং জোরের জায়গায় জোরে পড়া।
৫. রুকুতে স্থির থাকা।
৬. রুকু হতে উঠে সোজা হয়ে দাড়ানো।
৭. সিজদাতে স্থির থাকা।
৮. প্রথম সিজদার পর স্থির হয়ে বসা।
৯. দ্বিতীয় রাকাতে বৈঠক করা।

১০. প্রতি বৈঠকে তাশাহহুদ পড়া।
১১. আখেরী বৈঠক। (শেষ বৈঠক)
১২. বিতর নামাজে দোয়ায়ে কুনুত পড়া।
১৩. প্রত্যেক ফরজ ও ওয়াজিব সমূহকে নিজ নিজ স্থানে আদায় করা।
১৪. اَلسَّلَامُ عَلَيْكُمْ বলে নামাজ শেষ করা।

[বি:দ্রঃ নামাজের মধ্যে উপরোক্ত কোন একটি ওয়াজিব অনিচ্ছাকৃত ছুটে গেলে সাহু সিজদাহ দিয়ে নামাজ সম্পন্ন করতে হবে এবং ইচ্ছাকৃত ছেড়ে দিলে নামাজ ভেঙ্গে যাবে]

নামাজের সুন্নাত সমূহ

১. দুই পায়ের মাঝে কমপক্ষে চার আঙ্গুল পরিমাণ ফাঁকা রেখে দাড়ানো।
২. তাকবিরে তাহরিমার সময় উভয় হাত কানের লতি বরাবর উঠানো।
৩. ডান হাতকে বাম হাতের উপর রেখে তাহরীমাহ বাঁধা।
৪. ছানা পড়া।
৫. কেরাতের পূর্বে আঅযুবিল্লাহ পড়া।
৬. প্রত্যেক নামাজের প্রথম রাকাতে বিসমিল্লাহ পড়া।
৭. সূরা ফাতিহার পর আমীন বলা।
৮. তাহমীদ (سَمِعَ اللّٰهُ لِمَنْ حَمِدَهٗ) পাঠ করা।
৯. তাকবীর বলা।
১০. রুকু ও সিজদায় কমপক্ষে তিনবার তাসবীহ পড়া।
১১. রুকুতে দুই হাঁটু শক্ত করে ধরা।
১২. রুকুতে পিঠ, মাথা ও কোমর এবং পায়ের গোছা ও উরু সমান রাখা।
১৩. সিজদায় পায়ের গোড়ালি খাড়া করে রাখা।
১৪. বসা অবস্থায় বাম পা বিছিয়ে দেওয়া ডান পা খাড়া রাখা।
১৫. শেষ বৈঠকে দুরূদ পড়া।
১৬. প্রথমে ডান দিকে ও পরে বাম দিকে সালাম ফিরানো।।

[**বি. দ্র.** নামাজের মধ্যে কোন সুন্নাত ছুটে গেলে সাওয়াব কম হয় তবে নামাজ পুনরায় পড়তে হয় না বা সাহু সেজদা দেয়া লাগে না।]

নামাজ ভঙ্গের কারণসমূহ

১. নামাজে অশুদ্ধ পড়া।
২. নামাজের ভিতর কথা বলা।
৩. কোন লোককে সালাম দেয়া।
৪. সালামের উত্তর দেয়া।
৫. উহ! আহ শব্দ করা।
৬. বিনা ওজরে কাশি দেয়া।
৭. আমলে কাসীর করা।
৮. বিপদে কি বেদনায় শব্দ করে কাঁদা।
৯. তিন তাসবীহ পরিমাণ সময় সতর খুলে থাকা।
১০. মুক্তাদি ব্যতীত অপর ব্যক্তির লোকমা গ্রহন করা।
১১. সুসংবাদ ও দুঃসংবাদের উত্তর দেয়া।
১২. নাপাক জায়গায় সিজদা করা।
১৩. ক্বিবলার দিক হতে সিনা ঘূরে যাওয়া।
১৪. নামাজের কুরআন শরীফ দেখে পড়া।
১৫. নামাজে শব্দ করে হাসা।
১৬. নামাজে দুনিয়াবী কোন কিছু প্রার্থণা করা।
১৭. হাঁচির উত্তর দেয়া।
১৮. নামাজে খাওয়া ও পান করা।
১৯. ইমামের আগে মুক্তাদী দাঁড়ানো। (মুক্তাদী ইমাম হতে এগিয়ে দাঁড়ানো।)

দুই রাকআত নামাজে ৬০টি মাস্‌আলা

(একা নামাজ পড়ার নিয়ম)

নামাজের প্রথম রাকআতে রুকুর আগে ১১টি মাসআলা

১. হাত উঠানো সুন্নাত।

২. তাকবীরে তাহ্‌রীমাহ্‌ اَللّٰهُ اَكْبَرُ বলা ফরজ।
৩. হাত বাঁধা (মেয়েদের জন্য হাত রাখা) সুন্নাত।
৪. সানা পড়া সুন্নাত।
৫. আ'উজুবিল্লাহ পড়া সুন্নাত।
৬. বিসমিল্লাহ পড়া সুন্নাত।
৭. আলহামদু শরীফ পুরা পড়া ওয়াজিব।
৮. আলহামদুর শেষে اٰمِيْنَ বলা সুন্নাত।
৯. সূরার শুরুতে বিস্‌মিল্লাহ পড়া মুস্তাহাব।
১০. সূরা মিলানো ওয়াজিব।
১১. ক্বিরাআত পড়া ফরজ।

রুকুতে ৬টি মাসআলা

১. রুকুতে যাওয়ার সময় اَللّٰهُ اَكْبَرُ বলা সুন্নাত।
২. রুকু করা ফরজ।
৩. রুকুতে দেরী করা ওয়াজিব।
৪. রুকুতে থাকিয়া سُبْحَانَ رَبِّيَ الْعَظِيْمِ তিনবার, পাঁচবার অথবা সাতবার বলা সুন্নাত।
৫. রুকু হইতে উঠিবার সময় سَمِعَ اللّٰهُ لِمَنْ حَمِدَهٗ رَبَّنَا لَكَ الْحَمْدُ বলা সুন্নাত।
৬. রুকু হইতে সোজা হইয়া খাড়া হওয়া ওয়াজিব।

১ম সিজদাতে ৬টি মাসআলা

১. সিজদাতে যাওয়ার সময় اَللّٰهُ اَكْبَرُ বলা সুন্নাত।
২. সিজদা করা ফরজ।
৩. সিজদাতে দেরী করা ওয়াজিব।
৪. সিজদাতে থাকিয়া سُبْحَانَ رَبِّيَ الْاَعْلٰى তিনবার, পাঁচবার অথবা সাতবার বলা সুন্নাত।

৫. সিজদা হইতে উঠিবার সময় اَللّٰهُ اَكْبَرُ বলা সুন্নাত।
৬. দুই সিজদার মাঝখানে সোজা হইয়া বসা ওয়াজিব।

২য় সিজদাতে ৬টি মাসআলা

(১ম হইতে ৫ম পর্যন্ত প্রথম সিজদার মত)
৬. সিজদা হইতে সোজা হইয়া খাড়া হওয়া ওয়াজিব।

২য় রাকআতে রুকুর আগে ৭টি মাসআলা

১. হাত বাঁধা সুন্নাত।
২. বিসমিল্লাহ পড়া সুন্নাত।
৩. আলহামদু শরীফ পুরা পড়া ওয়াজিব।
৪. আলহামদুর শেসে اٰمِيْنَ বলা সুন্নাত।
৫. সূরার শুরুতে বিস্‌মিল্লাহ পড়া মুস্তাহাব।
৬. সূরা মিলানো ওয়াজিব।
৭. ক্বিরাআত পড়া ফরজ।

(২য় রাকাআতের রুকু ও সিজদার মাসআলা প্রথম রাকআতের মত।)

আখেরী বৈঠকে ৫টি মাসআলা

১. আখেরী বৈঠক ফরজ।
২. আত্তাহিয়্যাতু পড়া ওয়াজিব।
৩. দুরূদ শরীফ পড়া সুন্নাত।
৪. দু'আয়ে মাসুরা পড়া সুন্নাত।
৫. আস্‌সালামু আলাইকুম বলিয়া নামাজ শেষ করা ওয়াজিব।

বি. দ্র. ৬০ নং মাসআলা : ফরজ নামাজ দাঁড়াইয়া পড়া ফরজ। নফল, সুন্নাত বসিয়া পড়াও জায়েয আছে। তবে বসিয়া পড়িলে অর্ধেক সওয়াব হইবে।

ফযিলতপূর্ণ কিছু নামাজ

তাহাজ্জুদ নামাজের ফজিলত

হযরত আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ফরজ নামাজের পর সমস্ত নফল নামাজের মধ্যে সবচেয়ে বেশি মর্যাদার নামাজ হলো গভীর রাত্রের নামাজ। অর্থাৎ তাহাজ্জুদ নামাজ। (মুসলিম শরীফ : হাদীস নং ২৮১২)

হযরত আবু মালেক আশআরী রা. বলেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, জান্নাতে এমন কিছু সুন্দর কামরা রয়েছে যার ভিতর থেকে বাহিরে দেখা যায়। আর বাহির থেকে ভিতর দেখা যায়। আল্লাহ তায়ালা সেগুলো ঐসব মানুষের জন্য তৈরী করেছেন যারা মেহমানদারী করে, বেশী বেশী সালাম দেয় এবং রাতে নামাজ পড়ে যখন অন্যরা ঘুমিয়ে থাকে। (সহীহ ইবনে হিব্বান : হাদীস নং ২৬২)

তাহাজ্জুদ নামাজের সময়

ফায়দা : তাহাজ্জুদ নামাজের সময় দোয়া কবুল হয়। হযরত আবু হুরাইরা রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহ তায়ালা রাতের তৃতীয়াংশে প্রথম আসমানে এসে বলতে থাকেন, কে আছো আমার কাছে দোয়া করবে? আমি তার দোয়া কবুল করব। কে আছো আমার কাছে রিযিক চাইবে আমি তাকে রিযিক দিবো। এভাবে আল্লাহ তায়ালা ফজর পর্যন্ত ডেকে ডেকে বলতে থাকেন। (তিরমিযী শরীফ : হাদীস নং ৩৪৯৮)

সালাতুত্ তাসবীহ-এর ফজিলত

রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার আপন চাচা হযরত আব্বাস রা. কে বললেন, হে আমার চাচা! আমি আপনাকে এমন একটি আমলের কথা বলবো যা আদায় করার দ্বারা আল্লাহ তায়ালা আপনার অতীত ও ভবিষ্যতের নতুন পুরাতন, ইচ্ছায় অনিচ্ছায়, ছোট বড়, প্রকাশ্য অপ্রকাশ্য সকল প্রকার গুনাহ ক্ষমা করে দিবেন।

সেই আমলটি হলো : ৪ রাকাত নামাজ সালাতুত তাসবীহের নিয়তে পড়বেন। যদি সম্ভব হয় প্রতিদিন বা সাপ্তাহে, মাসে, বৎসরে অথবা জীবনে একবার পড়বেন। (মেশকাত শরীফ : হাদীস নং ১৩২৮)

সালাতুত্ তাসবীহ পড়ার নিয়ম

এই নামাজ অন্যান্য নফল নামাজের মতই পড়তে হয়। তবে পার্থক্য শুধু এতে নিম্নোক্ত তাসবীহটি ৩০০ বার পড়তে হয়।

سُبْحَانَ اللهِ وَالْحَمْدُ لِلّٰهِ وَلَا اِلٰهَ اِلَّا اللهُ وَاللهُ اَكْبَرُ

নিয়ত : আমি সালাতুত তাসবীহের চার রাকাত নফল নামাজ আদায় করছি اللهُ اَكْبَرُ। এরপর ছানা পড়ে উক্ত দোয়া ১৫ বার পড়তে হবে। তারপর আঅযুবিল্লাহ ও বিসমিল্লাহসহ সূরা ফাতিহা ও অন্য সূরা মিলানোর পর রুকুতে যাওয়ার আগে ১০ বার পড়তে হবে। রুকুতে গিয়ে রুকুর তাসবীহর পর ১০ বার, দাড়িয়ে ১০ বার, অতঃপর সিজদায় গিয়ে সিজদার তাসবীর পর ১০ বার পড়তে হবে। এবং প্রথম সেজদা থেকে উঠে বসে ১০ বার পড়তে হবে। দ্বিতীয় সিজদার তাসবীর পর ১০ বার পড়তে হবে। এই হলো মোট ৭৫ বার। এ নিয়মে আরো তিন রাকাত পড়তে হবে। আর দোয়া হবে মোট ৭৫×৪=৩০০ বার।

ইশরাকের নামাজের ফজিলত

হযরত আনাস রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি ফজরের নামাজের পর সূর্য উঠা পর্যন্ত যিকির-আযকারে মশগুল থেকে দুই রাকাত ইশরাকের নামাজ আদায় করে তার আমল নামায় এক হজ্ব ও এক ওমরার সাওয়াব লিখে দেওয়া হয়। (তিরমিযী শরীফ : হাদীস নং ৫৮৬)

আরেক হাদীসে বর্ণিত আছে, হযরত আবু দারদা রা. থেকে বর্ণিত, ইশরাকের নামাজের ব্যাপারে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহ তায়ালা ইরশাদ করেন, হে আদম সন্তান! তুমি দিনের প্রথমাংশে আমার জন্য চার রাকাত নামাজ পড় আমি তোমার জন্য যথেষ্ট হয়ে যাবো। (আবু দাউদ শরীফ : হাদীস নং ১২৯১)

চাশতের নামাজের ফজিলত

হযরত আনাস রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি চাশতের দুই রাকাত নামাজ আদায় করবে। তাকে গাফেলদের অন্তর্ভুক্ত করা হবে না। আর ৪ রাকাত পড়লে তাকে ইবাদতকারীদের দলভুক্ত করা হবে। ৬ রাকাত পড়লে ঐ দিন তার নফল ইবাদতের জন্য যথেষ্ট হয়ে যাবে। ৮ রাকাত পড়লে আল্লাহ তায়ালা তার জন্য জান্নাতে একটি স্বর্ণের বালাখানা তৈরি করবেন। (তিরমিযী শরীফ : হাদীস নং ৪৭৩)

অপর হাদীসে বর্ণিত আছে, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি দ্বিপ্রহরের আগে ৪ রাকাত নামাজ পড়বে সে যেন তা কদরের রাতে আদায় করলো। (শুয়াবুল ঈমান-৮৯৫৫)

চাশতের নামাজের সময়

আনুমানিক সূর্য যখন আকাশের একচতুর্থাংশ ওপরে উঠে তথা ৯টা থেকে ১০টার ভিতরে পড়া উত্তম।

আওয়াবীন নামাজের ফজিলত

হযরত আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি মাগরীবের পর ছয় রাকাত নামাজ পড়বে যার মাঝে সে কোন (মন্দ) কথা বলবে না তার আমল নামায় ১২ বছর নফল ইবাদত করার সাওয়াব দেওয়া হবে। (সহীহ ইবনে খুযাইমা : হাদীস নং ২০৭)

উল্লেখ্য যে, আওয়াবীন নামাজ পড়ার ক্ষেত্রে মাগরিবের ফরজের পর স্বতন্ত্রভাবে ৬ রাকাত পড়া উত্তম। তবে যদি কেউ খুব ব্যস্ততার দরুন সুন্নাতসহ ৬ রাকাত পড়ে তাহলেও আওয়াবীনের সাওয়াব পাওয়া যাবে।

সালাতুল হাজত নামাজের ফজিলত

হাদীস শরীফে বর্ণিত আছে, হযরত আব্দুল্লাহ ইবনে আবী আওফা রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহর

নিকট বান্দার বিশেষ কোন প্রয়োজন দেখা দিলে (অথবা শরীরিক-মানসিক কোন পেরেশানী দেখা দিলে) উত্তমরূপে অযু করে দুই রাকাত নফল নামাজ পড়বে। অতঃপর আল্লাহ তায়ালার প্রশংসা ও দুরূদ শরীফ পাঠ করে মনের আশা আল্লাহ তায়ালার দরবারে ব্যক্ত করবে। অবশ্যই আল্লাহ তায়ালা বান্দার হাজত পূর্ণ করবেন। (তিরমিযী শরীফ : হাদীস নং ৪৭৯)

❖ উল্লেখ্য যে, অযু করার পর যে কোন নফল বা সুন্নাত নামাজে তাহিয়্যাতুল অযু, সালাতুল হাজত বা দুখুলুল মসজিদ এর নিয়ত করা যায় এবং সাওয়াবের আশা করা যায়। তবে ভিন্ন ভিন্ন ভাবে আদায় করে নেয়া উত্তম।

ইস্তিখারার নামাজ

হাদীস শরীফে বর্ণিত আছে, কোন গুরুত্বপূর্ণ কাজের ভাল মন্দ আল্লাহর পক্ষ হতে জানার ইচ্ছা করলে উত্তমরূপে অযু করে দুই রাকাত নফল নামাজ পড়ে এই দোয়া মনোযোগ সহকারে পড়বে এবং যে স্থানে اَنَّ هَذَا الْأَمْرَ বর্ণিত হয়েছে সেস্থানে اَلْأَمْرَ উচ্চারণ করার সময় নিজের উদ্দেশিত কাজটির কথা স্মরণ করবে। এভাবে তিন/পাঁচ/সাত দিন করলে আল্লাহর ইচ্ছায় ভাল হলে মন ঐদিকে আকর্ষণ করবে আর মন্দ হলে অন্তরে খারাপ লাগবে। (বুখারী শরীফ : দুরূদ ১১৬৬)

ইস্তিখারার দোয়া

اَللّٰهُمَّ إِنِّيْ أَسْتَخِيْرُكَ بِعِلْمِكَ وَأَسْتَقْدِرُكَ بِقُدْرَتِكَ وَأَسْأَلُكَ مِنْ فَضْلِكَ الْعَظِيْمِ فَإِنَّكَ تَقْدِرُ وَلَا أَقْدِرُ وَتَعْلَمُ وَلَا أَعْلَمُ وَأَنْتَ عَلَّامُ الْغُيُوْبِ. اَللّٰهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هٰذَا الْأَمْرَ خَيْرٌ لِيْ فِيْ دِيْنِيْ وَمَعَاشِيْ وَعَاقِبَةِ أَمْرِيْ أَوْ عَاجِلِ أَمْرِيْ وَاٰجِلِه فَاقْدُرْهُ لِيْ وَيَسِّرْهُ لِيْ ثُمَّ بَارِكْ لِيْ فِيْهِ وَإِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هٰذَا الْأَمْرَ شَرٌّ لِيْ فِيْ دِيْنِيْ وَمَعَاشِيْ وَعَاقِبَةِ أَمْرِيْ أَوْ عَاجِلِ أَمْرِيْ وَاٰجِلِه فَاصْرِفْهُ عَنِّيْ وَاصْرِفْنِيْ عَنْهُ وَاقْدُرْ لِيَ الْخَيْرَ حَيْثُ كَانَ ثُمَّ ارْضِنِيْ بِه.

জুম'আর দিনের বিশেষ ৬টি আমল

যেগুলোর উপর আমল করলে প্রতি কদমে এক বৎসরের নফল রোযা এবং এক বৎসরের নফল নামাজ পড়ার সাওয়াব হাসিল হয়। পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ সেরে গোসল করা।

১. তাড়াতাড়ি মসজিদে যাওয়া।
২. মসজিদে পায়ে হেঁটে যাওয়া।
৩. ইমামের কাছাকাছি বসার চেষ্টা করা।
৪. অহেতুক কথা-বার্তা কিংবা অন্য কিছু না করা।
৫. আত্তাহিয়্যাতুর সুরতে বসে মনোযোগ সহকারে খুৎবা শোনা।

জুম'আর দিনের আরো কয়েকটি আমল

১. সূরা কাহাফ তিলাওয়াত করা।
২. বেশি বেশি দুরূদ শরীফ পড়া।
৩. শুক্রবার বাদ আসর নামাজের জায়গায় বসে আশি বার এই দুরূদ শরীফ পড়া।

এই দুরূদ শরীফের ফযীলত :

হযরত আবু হুরাইরা রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যে ব্যক্তি জুম'আর দিন আসরের নামাজের পর ঐ জায়গায় বসা অবস্থায় ৮০বার এই দুরূদ শরীফ পাঠ করবে তার ৮০ বছরের গুনাহ মাফ হয়ে যাবে এবং ৮০ বছর নফল ইবাদাতের সাওয়াব তার আমল নামায় লেখা হবে।

জুম'আর নামাজের ফযীলত

১. কুরবানী করার সমান সাওয়াব অর্জিত হয়।
২. মসজিদের দরজায় দাঁড়িয়ে ফেরেশতারা অগ্রগামীদের নাম তালিকাভুক্ত করেন।

৩. দশ দিনের গুনাহ মাফ হয়।
৪. জুম'আর আদব রক্ষাকারীর দশ দিনের গুনাহ মুছে যায়।
৫. প্রতি কদমে কদমে এক বছরের নফল রোজার সাওয়াব অর্জিত হয়।
৬. দুই জুম'আর মধ্যবর্তী সময়ের গুনাহের কাফফারা হয়।

ঈদের নামাজ

ঈদ অর্থ খুশী। পবিত্র রমযান মাসের সিয়াম (রোযা) সাধনার পর শাওয়ালের চাঁদের প্রথম তারিখে যে 'ঈদ' হয়, তাকে ঈদুল ফিতর বলে। (অর্থাৎ রোযার ঈদ) এবং জিলহজ্ব চাঁদের ১০ তারিখে এক ঈদ। ইহাকে ঈদুল আযহা বলে। (অর্থাৎ কুরবানীর ঈদ)
জুমু'আর নামাজের মত উভয় ঈদের নামাজে দুইটি করে খোৎবা পড়তে হয়। (পার্থক্য শুধু এই যে, জুমু'আর নামাজের খোৎবা নামাজ আদায়ের পূর্বে এবং উহা ফরয। আর ঈদের নামাজের খোৎবা নামাজ আদায়ের পর এবং উহা সুন্নাত। অবশ্য উভয় নামাজের খোৎবাই শ্রবণ করা ওয়াজিব।

ঈদুল ফিতরের নামাজের নিয়ত

আমি ঈদুল ফিতরের দুই রাকাত ওয়াজিব নামাজ ছয় তাকবীরের সহিত (মুক্তাদী হলে) এই ইমামের পিছনে আদায় করছি।

ঈদুল আযহার নামাজের নিয়ত

আমি ঈদুল আযহার দুই রাকাত ওয়াজিব নামাজ ছয় তাকবীরের সহিত (মুক্তাদী হলে) এই ইমামের পিছনে আদায় করছি।

ঈদের নামাজের নিয়ম

প্রথম রাকাতে তাকবীরে তাহরীমার পর ছানা পাঠ করতঃ তিন তাকবীর বলতে হয়। প্রথম তাকবীরের সময় উভয় হাত কান পর্যন্ত উঠিয়ে আল্লাহু আকবার বলে হাত ছেড়ে দিবে। দ্বিতীয় তাকবীরের সময়ও অনুরূপ করবে। তৃতীয় তাকবীরের সময় হাত উঠিয়ে আল্লাহু আকবার বলে হাত বেঁধে নিবে।

প্রথম রাকাতের যাবতীয় কার্যাদি শেষ করে দ্বিতীয় রাকাতে দাড়িয়ে কেরাত শেষ করার পর রুকুর পূর্বে তিন তাকবীর বলবে। এসময় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় তাকবীরে উভয় হাত উঠিয়ে ছেড়ে দিবে। অতঃপর আল্লাহু আকবার বলে রুকুতে চলে যাবে। দ্বিতীয় রাকাত শেষ হওয়ার পর (সালাম ফেরানোর পর) ইমাম সাহেব মিম্বরে উঠে খোৎবা পাঠ করবেন। খোৎবা শোনা ওয়াজিব। খোৎবা শেষ হলে ঈদগাহ হতে বিদায় নিবে। খোৎবা পড়াকালীন সময়ে কথা বলা, হাটা চলা বা ঘোরাফেরা করা জায়েয নাই। (কোন ঈদেরই আযান বা ইকামত নাই)

বি. দ্র. ঈদুল আযহার সময় উঁচু আওয়াজে তাকবীরে তাশরীক বলতে বলতে ঈদগাহে যাবে। কিন্তু ঈদুল ফিতরের সময় তাকবীরে তাশরীক মনে মনে পড়তে হবে। এটা সুন্নাত।

তাকবীরে তাশরীক

اَللهُ أَكْبَرُ اَللهُ أَكْبَرُ لَا إِلٰهَ إِلَّا اللهُ اَللهُ أَكْبَرُ اَللهُ أَكْبَرُ وَلِلّٰهِ الْحَمْدُ

কুরবানীর দোয়া

اِنِّىْ وَجَّهْتُ وَجْهِىَ لِلَّذِىْ فَطَرَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ حَنِيْفًا وَمَآ اَنَا مِنَ الْمُشْرِكِيْنَ اِنَّ صَلَاتِىْ وَنُسُكِىْ وَمَحْيَاىَ وَمَمَاتِىْ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ لَا شَرِيْكَ لَهٗ وَبِذٰلِكَ اُمِرْتُ وَاَنَا مِنَ الْمُسْلِمِيْنَ اَللّٰهُمَّ مِنْكَ وَلَكَ بِسْمِ اللهِ اللهُ اَكْبَرُ اَللّٰهُمَّ تَقَبَّلْ مِنِّيْ كَمَا تَقَبَّلْتَ مِنْ حَبِيْبِكَ مُحَمَّدٍ وَّخَلِيْلِكَ اِبْرَاهِيْمَ عَلَيْهِمَا الصَّلٰوةُ وَالسَّلَامُ.

ছুরি হাতে নিয়ে (জবাই করার অস্ত্র) উপরোক্ত দোয়াটির ‘মিনাল মুসলিমীন’ পর্যন্ত পাঠ করতঃ যাদের পক্ষ হতে কুরবানী করা হচ্ছে তাদের নাম স্মরণ করে বিসমিল্লাহি আল্লাহু আকবার বলতে বলতে যবাই করবে (ছুরি চালাবে)। জবাই শেষ করে সাথে সাথে আল্লাহুম্মা তাকাব্বাল থেকে দোয়া শেষ পর্যন্ত পড়বে।

আকীকার দোয়া

اَللّٰهُمَّ هٰذِهٖ عَقِيْقَةُ ابْنِيْ دَمُهَا بِدَمِهٖ وَلَحْمُهَا بِلَحْمِهٖ وَعَظْمُهَا بِعَظْمِهٖ وَجِلْدُهَا بِجِلْدِهٖ وَشَعْرُهَا بِشَعْرِهٖ. اِنِّىْ وَجَّهْتُ وَجْهِىَ لِلَّذِىْ فَطَرَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ حَنِيْفًا وَمَآ اَنَا مِنَ الْمُشْرِكِيْنَ اِنَّ صَلَاتِىْ وَنُسُكِىْ وَمَحْيَاىَ وَمَمَاتِىْ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ لَا شَرِيْكَ لَهٗ وَبِذٰلِكَ اُمِرْتُ وَاَنَا مِنَ الْمُسْلِمِيْنَ اَللّٰهُمَّ مِنْكَ وَلَكَ بِسْمِ اللهِ اللهُ اَكْبَر.

আকীকা

ছেলেদের জন্য দু'টি ছাগল জাতীয় প্রাণী, অথবা (গরু, মহিষের) সাত ভাগের দুই ভাগ। আর মেয়ের ক্ষেত্রে একটি ছাগল জাতীয় প্রাণী কিংবা গরু, মহিষের এক ভাগ আল্লাহর নামে যবাই করতে হবে। আকীকা করা সুন্নাত। আকীকা ও কুরবানীর গোশত সবাই খেতে পারবে।

জানাযার নামাজ

জানাযার নামাজ ফরযে কিফায়া। আদায় না করলে গ্রামের সবাই গুনাহগার হবে। অবশ্য কিছু সংখ্যক লোক নামাজ আদায় করলেও ফরয আদায় হয়ে যাবে। তাতে অনুপস্থিত গ্রামবাসী আর গুনাহগার হবে না।

জানাযার নামাজের ফজিলত

عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللّٰهُ عَنْهُ قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ شَهِدَ الْجَنَازَةَ حَتَّى يُصَلِّيَ فَلَهُ قِيرَاطٌ وَمَنْ شَهِدَ حَتَّى تُدْفَنَ كَانَ لَهُ قِيرَاطَانِ قِيلَ وَمَا الْقِيرَاطَانِ قَالَ مِثْلُ الْجَبَلَيْنِ الْعَظِيمَيْنِ. (متفق عليه)

হযরত আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি কোন জানাযায় হাজির হয়ে জানাযার নামাজ পড়ল তার জন্য রয়েছে এক কিরাত সাওয়াব। আর যে ব্যক্তি দাফন পর্যন্ত উপস্থিত থাকল তার জন্য রয়েছে দুই কিরাত সাওয়াব। নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করা হয়েছে কিরাত কী? তিনি উত্তরে বললেন, দুটি বড় বড় পাহাড় (পরিমান সাওয়াব)। বুখারী ও মুসলিম।

জানাযার নামাজে দুইটি কাজ ফরয

১. চারবার আল্লাহু আকবার বলা।
২. দাঁড়াইয়া জানাযার নামাজ পড়া।

জানাযার নামাজে তিনটি কাজ সুন্নাত

১. প্রথম তাকবীরের পর ছানা পড়া।
২. দ্বিতীয় তাকবীরের পর দুরূদ শরীফ পড়া।
৩. তৃতীয় তাকবীরের পর মাইয়্যেতের জন্য দোয়া করা।

জানাযার নামাজ আদায় করার নিয়ম

মাইয়েতকে সামনে রেখে ইমাম তার সীনা (বক্ষ) বরাবর দাঁড়াবে এবং সবাই এভাবে নিয়ত করবে– আমি আল্লাহর জন্য এই মাইয়্যেতের দোয়ার উদ্দেশ্যে জানাযার ফরযে কিফায়া নামাজ আদায় করছি। তারপর আল্লাহু আকবার বলে নামাজের ন্যায় হাত বাঁধবে। অতঃপর ছানা পড়বে।

ছানা

سُبْحَانَكَ اللّٰهُمَّ وَبِحَمْدِكَ وَتَبَارَكَ اسْمُكَ وَتَعَالٰى جَدُّكَ وَجَلَّ ثَنَائُكَ وَلَا اِلٰهَ غَيْرُكَ

তারপর পুনরায় আল্লাহু আকবার বলে দুরূদ শরীফ পাঠ করবে। (নামাজের দুরূদ শরীফ)

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ ـ كَمَا صَلَّيْتَ عَلٰى اِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ ـ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ ـ اَللّٰهُمَّ بَارِكْ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ ـ كَمَا بَارَكْتَ عَلٰى اِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ ـ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ.

অতঃপর পুনরায় তৃতীয় তাকবীর বলে এই দোয়া পড়বে।

প্রাপ্ত বয়স্ক নারী/পুরুষের জানাযার দোয়া

اَللّٰهُمَّ اغْفِرْ لِحَيِّنَا وَمَيِّتِنَا وَشَاهِدِنَا وَغَائِبِنَا وَصَغِيْرِنَا وَكَبِيْرِنَا وَذَكَرِنَا وَاُنْثَانَا اَللّٰهُمَّ مَنْ اَحْيَيْتَهٗ مِنَّا فَاَحْيِهٖ عَلَى الْاِسْلَامِ وَمَنْ تَوَفَّيْتَهٗ مِنَّا فَتَوَفَّهٗ عَلَى الْاِيْمَانِ.

অতঃপর চতুর্থ তাকবীর বলে আস সালামু আলাইকুম বলে নামাজ শেষ করবে।

মাইয়্যেত নাবালেগ ছেলে হলে এই দোয়া পড়বে। (তৃতীয় তাকবীরের পর দোয়ার স্থলে)

اَللّٰهُمَّ اجْعَلْهُ لَنَا فَرَطًا وَّاجْعَلْهُ لَنَا اَجْرًا وَّذُخْرًا وَّاجْعَلْهُ لَنَا شَافِعًا وَّمُشَفَّعًا.

আর যদি মাইয়্যেত নাবালিগা মেয়ে হয়, তখন এই দোয়া পড়বে।

اَللّٰهُمَّ اجْعَلْهَا لَنَا فَرَطًا وَّاجْعَلْهَا لَنَا اَجْرًا وَّذُخْرًا وَّاجْعَلْهَا لَنَا شَافِعَةً وَّمُشَفَّعَةً.

বি. দ্র. জানাযার নামাজে প্রথম তাকবীর ব্যতীত আর কোন তাকবীরে হাত উঠাবে না।

মাইয়্যেতের দাফন

জানাযার নামাজ শেষ করার পর মাইয়্যেতকে যথাসম্ভব দ্রুত দাফনের ব্যবস্থা করবে, দাফন করা ফরজে কিফায়া।

দাফনের নিয়ম

কবরের পশ্চিমে খাট রেখে কবরের ভিতর প্রয়োজনমত ২/৩জন নেমে পশ্চিমমূখী হয়ে মাইয়্যেতকে হাতে করে কবরে রাখবে এবং কবরে নামানোর সময় মাইয়্যেতকে পশ্চিমমূখী করে ডান পার্শ্বের উপর শোয়াবে। ইহা সুন্নাতে মুআক্কাদাহ। মাইয়্যেতকে যারা কবরে রাখবে, তারা রাখার সময় নিম্নের দোয়াটি পড়বে।

بِسْمِ اللّٰهِ وَعَلٰى مِلَّةِ رَسُوْلِ اللّٰهِ

যে পরিমাণ মাটি কবর হতে উঠানো হয়েছে, তাই কবরে ঢালবে। অতিরিক্ত মাটি ঢালবে না এবং কবরকে অর্ধহাতের বা এক বিঘতের বেশী উঁচু করবে না। কবরকে পাকা করা, তাহার উপর ঘর তৈরী করা, কিংবা কবরের উপর পর্দা বা মশারী টাঙ্গানো বা বাতি জ্বালানো নাজায়েয। তবে

হেফাজত ও নিশানার জন্য পাথর খণ্ড ইত্যাদিতে কিছু লেখা ও চারদিকে বেষ্টনি দেওয়া জায়েয আছে।

দ্বিতীয় পর্ব

পাঁচ ওয়াক্ত নামাজের তাসবীহসমূহের অর্থ

কালিমা তায়্যিবাহ

لَآ اِلٰـهَ اِلَّا اللهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللهِ

অর্থ : আল্লাহ তায়ালা ব্যতীত কোন মা'বুদ নাই। হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহ তায়ালার রাসূল।

অর্থ	শব্দ
নাই	لَآ
ইলাহ/মাবুদ/উপাস্য	اِلٰهَ
ব্যতীত	اِلَّا
আল্লাহ	اللهُ

মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)	مُحَمَّدٌ
রাসূল	رَّسُوْلُ
আল্লাহ	اللهِ

কালিমা শাহাদাত

اَشْهَدُ اَنْ لَّآ اِلٰـهَ اِلَّا اللهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ

অর্থ : আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ তায়ালা ব্যতীত কোন মাবুদ নাই। তিনি একক। তাঁর কোন শরীক নাই। এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি, নিশ্চয়ই হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বান্দা ও রাসূল।

* اَشْهَدُ اَنْ لَّآ اِلٰـهَ اِلَّا اللهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ

অর্থ : আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ তায়ালা ব্যতীত কোন মাবুদ নাই। তিনি একক। তাঁর কোন শরীক নাই।

অর্থ	শব্দ
আমি সাক্ষ্য দিচ্ছি	اَشْهَدُ
যে	اَنْ
নাই	لَّآ
ইলাহ/মাবুদ/উপাস্য	اِلٰهَ
ব্যতীত	اِلَّا
আল্লাহ	اللهُ
তিনি একক	وَحْدَهٗ
নাই	لَا

শরীক/অংশীদার	شَرِيْكَ
তাঁর	لَهٗ

*وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ

অর্থ : এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি, নিশ্চয়ই হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বান্দা ও রাসূল।

অর্থ	শব্দ
এবং	وَ
আমি সাক্ষ্য দিচ্ছি	اَشْهَدُ
নিশ্চয়ই	اَنَّ
মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)	مُحَمَّدًا
তাঁর বান্দা	عَبْدُهٗ
এবং	وَ
তার রাসূল	رَسُوْلُهٗ

ঈমানে মুজমাল

اٰمَنْتُ بِاللّٰهِ كَمَا هُوَ بِاَسْمَائِهٖ وَصِفَاتِهٖ وَقَبِلْتُ جَمِيْعَ اَحْكَامِهٖ

অর্থ : আল্লাহু তাআলার উপর তাঁর সকল নাম ও গুণাবলীসহ ঈমান আনলাম এবং তাঁর আদেশাবলী ও নিষেধসমূহ মেনে নিলাম।

অর্থ	শব্দ
আমি ঈমান আনলাম	اٰمَنْتُ
আল্লাহু তাআলার উপর	بِاللّٰهِ
যেমন তাঁর	كَمَا هُوَ

সকল নাম	بِاَسْمَائِهٖ
ও	وَ
গুণাবলীসহ	صِفَاتِهٖ
ও	وَ
মেনে নিলাম	قَبِلْتُ
সকল	جَمِيْعَ
তাঁর আদেশাবলী ও নিষেধসমূহ	اَحْكَامِهٖ

* **ঈমানে মুফাস্সাল :**

اٰمَنْتُ بِاللّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ وَالْيَوْمِ الْاٰخِرِ وَالْقَدْرِ خَيْرِهٖ وَشَرِّهٖ مِنَ اللّٰهِ تَعَالٰى وَالْبَعْثِ بَعْدَ الْمَوْتِ

অর্থ : আমি ঈমান আনলাম ১. আল্লাহ তাআলার উপর ২. তাঁর ফেরেশতাগণের উপর ৩. তাঁর কিতাবসমূহের উপর ৪. তাঁর রসূলগণের উপর ৫. কিয়ামত দিবসের উপর ৬. ভাল-মন্দের তাকদীরের উপর এবং ৭. মৃত্যুর পর পুনরায় জীবিত হওয়ার উপর।

অর্থ	শব্দ
আমি ঈমান আনলাম	اٰمَنْتُ
আল্লাহু তাআলার উপর	بِاللّٰهِ
তাঁর ফেরেশতাগনের উপর	وَمَلٰٓئِكَتِهٖ
তাঁর কিতাবসমূহের উপর	وَكُتُبِهٖ
তাঁর রসূলগণের উপর	وَرُسُلِهٖ
কিয়ামত দিবসের উপর	وَالْيَوْمِ الْاٰخِرِ

তাকদীরের উপর	وَالْقَدْرِ
তাঁর ভাল	خَيْرِهٖ
ও মন্দের উপর	وَشَرِّهٖ
পক্ষ থেকে	مِنَ
আল্লাহ তাআলা	اللهِ تَعَالٰى
পুনরায় জীবিত হওয়ার	اَلْبَعْثِ
পর	بَعْدَ
মৃত্যু	الْمَوْتِ

আযান

অর্থ	শব্দ
আল্লাহ সবচেয়ে বড় (৪বার)	اللهُ أَكْبَرُ. اللهُ أَكْبَرُ اللهُ أَكْبَرُ. اللهُ أَكْبَرُ
আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ তাআলা ব্যতীত আর কোন মাবূদ নেই। (২বার)	أَشْهَدُ أَنْ لَّا إِلٰهَ إِلَّا اللهُ أَشْهَدُ أَنْ لَّا إِلٰهَ إِلَّا اللهُ
আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহ তাআলার রাসূল। (২বার)	أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَّسُوْلُ اللهِ أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَّسُوْلُ اللهِ
নামাজের জন্য এসো। (২বার)	حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الصَّلَاةِ
কল্যাণ ও মঙ্গলের জন্য এসো। (২বার)	حَيَّ عَلَى الْفَلَاحِ حَيَّ عَلَى الْفَلَاحِ

ঘুম হতে নামাজ ভাল। (২বার) (এটি ফজরের আযানে অতিরিক্ত ২বার বলতে হয়।)	اَلصَّلَاةُ خَيْرٌ مِّنَ النَّوْمِ اَلصَّلَاةُ خَيْرٌ مِّنَ النَّوْمِ
আল্লাহ সবচেয়ে বড় (২বার)	اللهُ أَكْبَرُ. اللهُ أَكْبَرُ
আল্লাহ তাআলা ব্যতীত আর কোন মাবূদ নেই।	لَّا إِلٰهَ إِلَّا اللهُ

ইকামত

ফরয নামাজ শুরু করার পূর্বে ইকামত বলতে হয়। ইকামাতের বাক্যগুলো আযানের বাক্যের মতই বলবে। কিন্তু ইকামতের বাক্যগুলো তাড়াতাড়ি বলতে হবে এবং حَيَّ عَلَى الْفَلَاحِ বলার পর قَدْ قَامَتِ الصَّلَاةُ দুইবার বলবে।

মসজিদে প্রবেশ করার সুন্নাত ৫টি

১. বিসমিল্লাহ বলা।

২. দুরূদ শরীফ পড়া।

৩. দোয়া পড়া। اَللّٰهُمَّ افْتَحْ لِيْ اَبْوَابَ رَحْمَتِكَ

অর্থ : হে আল্লাহ! আমার জন্য আপনার রহমতের দরজাসমূহ উম্মুক্ত করে দিন।

* এই তিনটিকে একসাথে এভাবে পড়া যায় –

بِسْمِ اللهِ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى رَسُوْلِ اللهِ اَللّٰهُمَّ افْتَحْ لِيْ اَبْوَابَ رَحْمَتِكَ

৪. মসজিদে প্রবেশ করার সময় প্রথমে ডান পা ঢুকানো।

৫. এ'তেকাফের নিয়ত করা। এভাবে– نَوَيْتُ سُنَّةَ الْإِعْتِكَافِ

মসজিদ থেকে বের হওয়ার সুন্নাত ৫টি

১. বিসমিল্লাহ বলা।

২. দুরূদ শরীফ পড়া।

৩. দোয়া পড়া। اَللّٰهُمَّ اِنِّیۡ اَسۡئَلُكَ مِنۡ فَضۡلِكَ

অর্থ : হে আল্লাহ! নিশ্চয় আপনার নিকট আপনার অনুগ্রহ প্রার্থনা করছি।

* এই তিনটিকে একসাথে এভাবে পড়া যায় –

بِسۡمِ اللهِ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى رَسُوۡلِ اللهِ اَللّٰهُمَّ اِنِّیۡ اَسۡئَلُكَ مِنۡ فَضۡلِكَ

৪. বাম পা দিয়ে বের হওয়া।

৫. ডান পায়ে জুতা আগে পরিধান করা।

নিয়ত

নিয়ত আরবী শব্দ। অর্থ ইচ্ছা বা সংকল্প। নামাজের পূর্বে মনের সংকল্প করাটাই ফরজ। নিয়তের জন্য মুখে কিছু বলে উচ্চারণ করা আবশ্যক নয়। তবে মনে মনে নিয়ত করা ফরজ। অর্থাৎ একথা মনে জানা থাকা যে, আমি যোহরের নামাজ পড়ছি, না আসরের নামাজ। মুক্তাদির উপর ইমামের ইকতেদার নিয়ত করা ফরজ।

তাকবীরে তাহরীমা

اَللهُ اَكۡبَرُ

অর্থ : আল্লাহ সর্বশ্রেষ্ঠ

অর্থ	শব্দ
আল্লাহ	اَللهُ
সর্বশ্রেষ্ঠ	اَكۡبَرُ

ছানা

سُبۡحَانَكَ اللّٰهُمَّ وَبِحَمۡدِكَ وَتَبَارَكَ اسۡمُكَ وَتَعَالٰى جَدُّكَ وَلَا اِلٰهَ غَيۡرُكَ

অর্থ : পবিত্রতা আপনার হে আল্লাহ! প্রশংসা সমূহও আপনার। আর আপনার নামসমূহ বরকতময় এবং আপনার গৌরব অতি উচ্চে এবং আপনি ছাড়া আর কোন ইলাহ (মাবুদ) নেই।

* سُبۡحَانَكَ اللّٰهُمَّ وَبِحَمۡدِكَ

অর্থ : পবিত্রতা আপনার হে আল্লাহ! প্রশংসা সমূহও আপনার।

অর্থ	শব্দ
পবিত্রতা আপনার	سُبۡحَانَكَ
হে আল্লাহ!	اللّٰهُمَّ
এবং	وَ
আপনারই প্রসংশা	بِحَمۡدِكَ

* وَتَبَارَكَ اسۡمُكَ

অর্থ : আর আপনার নাম বরকতময়।

অর্থ	শব্দ
এবং	وَ
বরকতময়	تَبَارَكَ
আপনার নাম	اسۡمُكَ

* وَتَعَالٰى جَدُّكَ

অর্থ : এবং আপনার গৌরব অতি উচ্চে।

অর্থ	শব্দ
এবং	وَ

সু উচ্চ	تَعَالٰى
আপনার গৌরব	جَدُّكَ

*وَلَا اِلٰهَ غَيْرُكَ

অর্থ : এবং আপনি ছাড়া আর কোন ইলাহ (মাবুদ) নেই।

অর্থ	শব্দ
এবং	وَ
নেই	لَا
ইলাহ/মা'বুদ/উপাস্য	اِلٰهَ
আপনি ছাড়া	غَيْرُكَ

তা'আয়ুয

اَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

অর্থ : বিতাড়িত শয়তান থেকে আমি আল্লাহর কাছে আশ্রয় চাই।

অর্থ	শব্দ
আমি আশ্রয় চাই	اَعُوْذُ
আল্লাহর কাছে	بِاللّٰهِ
থেকে	مِنَ
শয়তান	الشَّيْطَانِ
বিতাড়িত	الرَّجِيْمِ

তাসমিয়াহ্

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অর্থ : আল্লাহর নামে শুরু করছি, যিনি পরম করুণাময় এবং অসীম দয়ালু।

অর্থ	শব্দ
সাথে	بِ
নাম	اِسْمِ
আল্লাহর	اللّٰهِ
পরম করুনাময়	الرَّحْمٰنِ
অসীম দয়ালু।	الرَّحِيْمِ

রুকুর তাসবীহ

سُبْحَانَ رَبِّيَ الْعَظِيْمِ

অর্থ : আমার প্রতিপালক অতিশয় পবিত্র ও মহান।

অর্থ	শব্দ
পবিত্র	سُبْحَانَ
আমার প্রতিপালক/রব	رَبِّيَ
অতিশয় মহান	الْعَظِيْمِ

রুকুর তাসমী

سَمِعَ اللّٰهُ لِمَنْ حَمِدَهُ

অর্থ : আল্লাহ শুনেন, যে কেউ তাঁর প্রশংসা করে।

অর্থ	শব্দ
শুনেন	سَمِعَ
আল্লাহ	اللّٰهُ
যে কেউ	لِمَنْ
প্রশংসা করে	حَمِدَ

তাঁর	هٗ

রুকুর তাহমীদ

رَبَّنَا لَكَ الْحَمْدُ

অর্থ : হে আমাদের প্রতিপালক! সমস্ত প্রশংসা আপনার জন্য।

অর্থ	শব্দ
হে আমাদের প্রতিপালক!	رَبَّنَا
আপনার জন্য	لَكَ
সমস্ত প্রশংসা	الْحَمْدُ

সিজদার তাসবীহ

سُبْحَانَ رَبِّيَ الْأَعْلٰى

অর্থ : পবিত্র আমার প্রতিপালক, যিনি উচ্চ মর্যাদাসম্পন্ন।

অর্থ	শব্দ
পবিত্র	سُبْحَانَ
আমার প্রতিপালক	رَبِّيَ
যিনি উচ্চ মর্যাদাসম্পন্ন	الْأَعْلٰى

দুই সিজদার মধ্যবর্তী দু'আ

اَللّٰهُمَّ اغْفِرْ لِيْ وَارْحَمْنِيْ وَارْزُقْنِيْ وَاهْدِنِيْ

অর্থ : হে আল্লাহ! আপনি আমাকে ক্ষমা করুন, দয়া করুন, রিযিক দান করুন এবং হেদায়েত দান করুন।

অর্থ	শব্দ
হে আল্লাহ!	اَللّٰهُمَّ

আমাকে ক্ষমা করুন	اغْفِرْ لِيْ
আমাকে দয়া করুন	وَارْحَمْنِيْ
আমাকে রিযিক দান করুন	وَارْزُقْنِيْ
আমাকে হেদায়েত দান করুন	وَاهْدِنِيْ

নামাজে বৈঠক

দু'রাকাত নামাজ হলে, দু'রাকাতের পর বৈঠকে বসে আত্তাহিয়্যাতু, দুরুদে ইব্রাহীম, দু'আ মাসূরা পড়ে সালাম ফেরাতে হয়। কিন্তু তিন বা চার রাকাতের নামাজ হলে ২য় রাকাতের পর ১ম বৈঠকে শুধু আত্তাহিয়্যাতু পড়তে হয় এবং ২য় বৈঠকে (তিন রাকাত বা চার রাকাতের পর) পুনরায় আত্তাহিয়্যাতু, দুরুদে ইব্রাহীম, দু'আ মাসূরা পড়ে প্রথমে ডানদিকে ও পরে বামদিকে সালাম ফিরিয়ে নামাজ শেষ করতে হয়।

এখানে উল্লেখ্য যে, আত্তাহিয়্যাতু পড়ার সময় আশহাদু শব্দের 'আশ' বলার সাথে সাথে শাহাদাত আঙ্গুল উপরে তুলে ইশারা করার পর ইল্লাল্লাহ বলার সাথে সাথে নামিয়ে ফেলা মুস্তাহাব (সঠিকভাবে করতে পারলে সাওয়াব হবে এবং আদায় না করলে গুনাহ নাই)।

তাশাহহুদ (আত্তাহিয়্যাতু)

اَلتَّحِيَّاتُ لِلّٰهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ۔ اَلسَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهٗ۔ اَلسَّلَامُ عَلَيْنَا وَعَلٰى عِبَادِ اللهِ الصَّالِحِيْنَ ۔ أَشْهَدُ أَنْ لَّآ إِلٰهَ إِلَّا اللهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ.

অর্থ : সকল সম্ভাষণ, নিবেদন ও পবিত্রতা আল্লাহর জন্য। হে নবী! আপনার প্রতি শান্তি, রহমত ও বরকত বর্ষিত হোক। শান্তি বর্ষিত হোক আমাদের উপর এবং আল্লাহর নেক বান্দাদের উপর। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ তা'আলা ব্যতীত আর কোন মাবুদ নাই। এবং আমি আরও

সাক্ষ্য দিচ্ছি যে, হযরত মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর বান্দা ও রাসূল।

* اَلتَّحِيَّاتُ لِلّٰهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ

অর্থ : সকল সম্ভাষণ, নিবেদন ও পবিত্রতা আল্লাহর জন্য।

অর্থ	শব্দ
সকল সম্ভাষণ	اَلتَّحِيَّاتُ
আল্লাহর জন্য	لِلّٰهِ
এবং	وَ
নিবেদনসমূহ	الصَّلَوَاتُ
এবং	وَ
এবং পবিত্রতা	الطَّيِّبَاتُ

* اَلسَّلَامُ عَلَيْكَ اَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهٗ

অর্থ : হে নবী! আপনার প্রতি শান্তি, রহমত ও বরকত বর্ষিত হোক।

অর্থ	শব্দ
শান্তি বর্ষিত হোক	اَلسَّلَامُ
আপনার উপর	عَلَيْكَ
হে নবী!	اَيُّهَا النَّبِيُّ
এবং	وَ
অনুগ্রহ	رَحْمَةُ
আল্লাহর	اللهِ

এবং	وَ
তাঁর বরকতসমূহ	بَرَكَاتُهٗ

* اَلسَّلَامُ عَلَيْنَا وَعَلٰى عِبَادِ اللهِ الصَّالِحِيْنَ

অর্থ : শান্তি বর্ষিত হোক আমাদের উপর এবং আল্লাহর নেক বান্দাদের উপর।

অর্থ	শব্দ
শান্তি বর্ষিত হোক	اَلسَّلَامُ
আমাদের উপর	عَلَيْنَا
এবং	وَ
উপরে	عَلٰى
বান্দাদের	عِبَادِ
আল্লাহর	اللهِ
নেক/পূণ্যবানগণ	الصَّالِحِيْنَ

* أَشْهَدُ أَنْ لَّآ إِلٰهَ إِلَّا اللهُ

অর্থ : আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ তা'আলা ব্যতীত আর কোন মাবুদ নাই।

অর্থ	শব্দ
আমি সাক্ষ্য দিচ্ছি	أَشْهَدُ
যে	أَنْ
নাই	لَّآ

ইলাহ/মাবুদ/উপাস্য	إِلٰهَ
ব্যতীত	إِلَّا
আল্লাহ	اللّٰهُ

*وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ

অর্থ : এবং আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, হযরত মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর বান্দা ও রাসূল।

অর্থ	শব্দ
এবং	وَ
আমি সাক্ষ্য দিচ্ছি	أَشْهَدُ
যে	أَنَّ
মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)	مُحَمَّدًا
তাঁর বান্দা	عَبْدُهٗ
ও	وَ
তাঁর রাসূল	رَسُوْلُهٗ

দুরূদ শরীফ (দুরুদে ইব্রাহীম)

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ. كَمَا صَلَّيْتَ عَلٰى إِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ إِبْرَاهِيْمَ. إِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ. اَللّٰهُمَّ بَارِكْ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ. كَمَا بَارَكْتَ عَلٰى إِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ إِبْرَاهِيْمَ. إِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ.

অর্থ : হে আল্লাহ! আপনি অনুগ্রহ (রহমত বর্ষণ) করুন মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর উপর এবং মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম) এর বংশধরদের উপর। যেরূপ আপনি অনুগ্রহ করেছেন, ইব্রাহিম (আ.) এর উপর এবং ইব্রাহিম (আ.) এর বংশধরদের উপর। নিশ্চয়ই আপনি প্রশংসিত ও সম্মানিত। হে আল্লাহ! আপনি বরকত নাযিল করুন মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর উপর এবং মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর বংশধরদের উপর। যেরূপ আপনি বরকত নাযিল করেছেন, ইব্রাহিম (আ.) এর উপর এবং ইব্রাহিম (আ.) এর বংশধরদের উপর। নিশ্চয়ই আপনি প্রশংসিত ও সম্মানিত।

*اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ

অর্থ : হে আল্লাহ! আপনি অনুগ্রহ (রহমত বর্ষণ) করুন মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর উপর এবং মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর বংশধরদের উপর।

অর্থ	শব্দ
হে আল্লাহ!	اَللّٰهُمَّ
অনুগ্রহ করুন	صَلِّ
উপর	عَلٰى
মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)	مُحَمَّدٍ
এবং উপর	وَّعَلٰى
বংশধর	اٰلِ
মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)	مُحَمَّدٍ

*كَمَا صَلَّيْتَ عَلٰى إِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ إِبْرَاهِيْمَ

অর্থ : যেরূপ আপনি অনুগ্রহ করেছেন, ইব্রাহিম (আ.) এর উপর এবং ইব্রাহিম (আ.) এর বংশধরদের উপর।

অর্থ	শব্দ
যেরূপ	كَمَا
আপনি অনুগ্রহ করেছেন	صَلَّيْتَ
উপর	عَلٰى
ইব্রাহিম (আ.)	إِبْرَاهِيْمَ
এবং	وَ
উপর	عَلٰى
অনুসারী/বংশধর	اٰلِ
ইব্রাহিম (আ.)	إِبْرَاهِيْمَ

* إِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ

অর্থ : নিশ্চয়ই আপনি প্রশংসিত ও সম্মানিত।

অর্থ	শব্দ
নিশ্চয়ই আপনি	إِنَّكَ
প্রশংসিত	حَمِيْدٌ
সম্মানিত	مَّجِيْدٌ

* اَللّٰهُمَّ بَارِكْ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ

অর্থ : হে আল্লাহ! আপনি বরকত নাযিল করুন মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর উপর এবং তাঁর বংশধরদের উপর।

অর্থ	শব্দ
হে আল্লাহ!	اَللّٰهُمَّ

বরকত দিন/ নাযিল করুন	بَارِكْ
উপর	عَلٰى
মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)	مُحَمَّدٍ
এবং উপর	وَّعَلٰى
বংশধর	اٰلِ
মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)	مُحَمَّدٍ

* كَمَا بَارَكْتَ عَلٰى إِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ إِبْرَاهِيْمَ

অর্থ : যেরূপ আপনি বরকত নাযিল করেছেন, ইব্রাহিম (আ.) এর উপর এবং ইব্রাহিম (আ.) এর বংশধরদের উপর।

অর্থ	শব্দ
যেরূপ	كَمَا
আপনি বরকত নাযিল করেছেন	بَارَكْتَ
উপর	عَلٰى
ইব্রাহিম (আ.)	إِبْرَاهِيْمَ
এবং	وَ
উপর	عَلٰى
অনুসারী/বংশধর	اٰلِ
ইব্রাহিম (আ.)	إِبْرَاهِيْمَ

* إِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ

অর্থ : নিশ্চয়ই আপনি প্রশংসিত ও সম্মানিত।

অর্থ	শব্দ
নিশ্চয়ই আপনি	إِنَّكَ
প্রশংসিত	حَمِيْدٌ
সম্মানিত	مَّجِيْدٌ

দু'আ মাছুরা

اَللّٰهُمَّ إِنِّيْ ظَلَمْتُ نَفْسِيْ ظُلْمًا كَثِيْرًا ـ وَلَا يَغْفِرُ الذُّنُوْبَ إِلَّا أَنْتَ ـ فَاغْفِرْ لِيْ مَغْفِرَةً مِّنْ عِنْدِكَ وَارْحَمْنِيْ إِنَّكَ أَنْتَ الْغَفُوْرُ الرَّحِيْمُ.

অর্থ : হে আল্লাহ! আমি নিজের প্রতি বড়ই যুলুম করেছি। এবং আপনি ব্যতীত পাপসমূহ ক্ষমা করার আর কেউ নাই। অতএব আপনার পক্ষ থেকে আমাকে ক্ষমা করে দিন এবং আমার উপর অনুগ্রহ করুন। নিশ্চয়ই আপনি ক্ষমাশীল, দয়ালু।

*اَللّٰهُمَّ إِنِّيْ ظَلَمْتُ نَفْسِيْ ظُلْمًا كَثِيْرًا

অর্থ : হে আল্লাহ! আমি নিজের প্রতি বড়ই যুলুম করেছি।

অর্থ	শব্দ
হে আল্লাহ!	اَللّٰهُمَّ
নিশ্চয়ই আমি	إِنِّيْ
আমি যুলুম করেছি	ظَلَمْتُ
নিজের প্রতি	نَفْسِيْ
যুলুম	ظُلْمًا
বেশি	كَثِيْرًا

*وَلَا يَغْفِرُ الذُّنُوْبَ إِلَّا أَنْتَ

অর্থ : এবং আপনি ব্যতীত পাপসমূহ ক্ষমা করার আর কেউ নাই।

অর্থ	শব্দ
এবং ক্ষমা করবে না	وَلَا يَغْفِرُ
গুনাহসমূহ	الذُّنُوْبَ
ব্যতীত	إِلَّا
আপনি	أَنْتَ

*فَاغْفِرْ لِيْ مَغْفِرَةً مِّنْ عِنْدِكَ وَارْحَمْنِيْ

অর্থ : অতএব আপনার নিজের পক্ষ থেকে আমাকে ক্ষমা করে দিন এবং আমার উপর অনুগ্রহ করুন।

অর্থ	শব্দ
সুতরাং ক্ষমা করুন	فَاغْفِرْ
আমাকে	لِيْ
ক্ষমা	مَغْفِرَةً
থেকে	مِّنْ
আপনার পক্ষ	عِنْدِكَ
এবং আমাকে অনুগ্রহ করুন	وَارْحَمْنِيْ

*إِنَّكَ أَنْتَ الْغَفُوْرُ الرَّحِيْمُ

অর্থ : নিশ্চয়ই আপনি ক্ষমাশীল, দয়ালু।

অর্থ	শব্দ
নিশ্চয়ই	إِنَّكَ

আপনি	أَنْتَ
ক্ষমাশীল	الْغَفُوْرُ
দয়ালু	الرَّحِيْمُ

দু'আ কুনুত

اَللّٰهُمَّ إِنَّا نَسْتَعِيْنُكَ وَنَسْتَغْفِرُكَ وَنُؤْمِنُ بِكَ وَنَتَوَكَّلُ عَلَيْكَ وَنُثْنِيْ عَلَيْكَ الْخَيْرَ۔ وَنَشْكُرُكَ وَلَا نَكْفُرُكَ وَنَخْلَعُ وَنَتْرُكُ مَنْ يَفْجُرُكَ۔ اَللّٰهُمَّ إِيَّاكَ نَعْبُدُ وَلَكَ نُصَلِّيْ وَنَسْجُدُ وَإِلَيْكَ نَسْعٰى وَنَحْفِدُ وَنَرْجُوْ رَحْمَتَكَ وَنَخْشٰى عَذَابَكَ إِنَّ عَذَابَكَ بِالْكُفَّارِ مُلْحِقٌ.

